

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪ ১৩১

আগরতলা, ১০ ডিসেম্বর, ২০২৩

সাংবাদিক সম্মেলনের পর্যটন মন্ত্রী

ত্রিপুরা পর্যটন নিগমের ব্র্যান্ড অ্যাস্বাসেডর  
সৌরভ গাঙ্গুলী আগামীকাল রাজ্যে আসছেন

প্রকৃতিক সৌন্দর্যে ভরপুর ত্রিপুরার পর্যটন কেন্দ্রগুলিকে বিশ্ববাসীর কাছে পরিচয় করিয়ে দিতে আগামীকাল রাজ্যে আসছেন ত্রিপুরা পর্যটন নিগমের ব্র্যান্ড অ্যাস্বাসেডর ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলী। তিনি দু'দিন রাজ্যে অবস্থান করবেন। আজ পর্যটক নিবাস গীতাঞ্জলিতে আয়োজিত সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানান।

সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী জানান, অনেকদিন ধরেই সৌরভ গাঙ্গুলীর সঙ্গে পর্যটন নিগমের আলোচনা চলছিল। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার উদ্যোগে সৌরভ গাঙ্গুলীকে পর্যটন নিগমের ব্র্যান্ড অ্যাস্বাসেডর করার সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়। তিনি জানান, সৌরভ গাঙ্গুলী আগামীকাল সন্ধ্যায় আগরতলায় আসবেন। এরপর তিনি যাবেন উজ্জ্বয়ন্ত প্রাসাদে। সেখানে প্রশাসনিক অনুষ্ঠানের পর আগরতলা পুর নিগমের পক্ষ থেকে মেয়র দীপক মজুমদার তাঁকে সংবর্ধনা জানাবেন। এই অনুষ্ঠানের পর তিনি মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। ১২ ডিসেম্বর সকালে সৌরভ গাঙ্গুলী যাবেন ছবিমুড়া। সেখানে তিনি পর্যটন নিগমের জন্য সুট্টিৎ করবেন। যেখান থেকে ফিরে বিকালে তিনি সুট্টিৎ করবেন উজ্জ্বয়ন্ত প্রাসাদে। সন্ধ্যায় তিনি আগরতলা ত্যাগ করবেন।

পর্যটন মন্ত্রী জানান, সৌরভ গাঙ্গুলীর মাধ্যমে ত্রিপুরার পর্যটন কেন্দ্রগুলির গরিমা ও সৌন্দর্য বিশ্ববাসীর কাছে তুলে ধরা সম্ভব হবে। আমাদের বিশ্বাস ত্রিপুরার পর্যটন ক্ষেত্রে এক নতুন অধ্যায়ের সুচনা হবে। রাজ্য সরকার চাইছে রাজ্যের পর্যটন শিল্পকে আরও বিকশিত করতে। এর মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে। সৌরভ গাঙ্গুলী পরবর্তী সময়ে রাজ্যের অন্য পর্যটন কেন্দ্রগুলির প্রচারের জন্যও সুট্টিৎ করবেন। পর্যটন মন্ত্রী আশা প্রকাশ করেন সৌরভ গাঙ্গুলী ত্রিপুরার পর্যটনের বিকাশে সহযোগিতা করবেন। সংবাদিক সম্মেলনে পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা ও পর্যটন দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*